# MODEL ACTIVITY TASK

# ENGLISH

## CLASS VIII

---

## ACTIVITY 1

**Rewrite the following sentences using Future Continuous Tense. One is done for you :**

- We shall watch the cricket match on the television .
- Ans : We shall be watching the cricket match on the television.

i) The students will shout when the teacher comes.

Ans. ______________________________________________.

ii) The girls will dance on the stage in the evening.

Ans. ______________________________________________.

iii) Mother will work in her office .

Ans. ______________________________________________.

## ACTIVITY 2

**Write antonyms of the underlined words and rewrite the sentences :**

i) Some clothes were d<u>amp</u> when I went to the backyard .

Ans. ______________________________________________.

ii) The leaves of the mango tree look <u>dirty</u>.

Ans. ______________________________________________.

iii) The children were <u>happy</u> to see the stranger.

Ans. ______________________________________________.

## ACTIVITY 3

**Add suitable suffix or prefix to the given words in the list and fill in the blanks to complete the sentencs:**

i) Tanima buys a ____________________ bag from the supermarket.

ii) It was ______________________________to catch the deer for the hunter.

List : fashion, possible

---

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক ১ অষ্টম শ্রেণি

### বিষয়ঃ বাংলা

**নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :**

১. ‘সেইটে সবার চেয়ে শ্রেয়’ — কবির মতে ‘সবার চেয়ে শ্রেয়’ কী?
২. ‘তদ্‌বিষয়ে যথোপযুক্ত আনুকূল্য করিব।’ — বক্তা কোন্ বিষয়ে আনুকূল্য করার প্রতিশ্রুতি দিলেন?
৩. ‘এই রইল তোদের পিকনিক — আমি চললাম।’ — বক্তা কে? কেন তিনি পিকনিকে থাকতে চাননি?
৪. ‘পরবাসী কবে নিজবাসভূমি গড়বে?’ — কবির মনে এমন প্রশ্ন জেগেছে কেন?
৫. ‘এইভাবে আমরা দেহরা-দুন এক্সপ্রেসের সেই থার্ড ক্লাস গাড়িখানিতে যেন এক পশতু সাহিত্য-গোষ্ঠী বা সম্মেলন লাগিয়ে দিলুম।’ — লেখকের বক্তব্য অনুসরণে সেই পরিস্থিতির বিবরণ দাও।
৬. ‘এ সব আমার-ই হবে; আমাকেই দেবেন বিধাতা’ — ভাবনাটি কার? বিধাতা তাকে কী কী দেবেন বলে সে মনে করে?
৭. দল বিশ্লেষণ করে মুক্তদল ও রুদ্ধদল চিহ্নিত করো — ‘সম্ভাষণ’।
৮. ‘উঠন্তি মুলো পত্তনে চেনা যায়’ — প্রবাদটিকে ব্যবহার করে একটি বাক্য রচনা করো।

### বিষয়ঃ পরিবেশ ও ভূগোল

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. বিভিন্ন স্তর ও বিযুক্তিরেখাসহ পৃথিবীর অভ্যন্তরের চিহ্নিত চিত্র অঙ্কন করো।
২. কোনো জায়গায় ভূমিকম্প শুরু হলে কী কী ব্যবস্থা নেওয়া দরকার তা নিজের ভাষায় গুছিয়ে লেখো।
৩. যেকোনো পাঁচটি ক্ষেত্রে তিন ধরনের শিলার ব্যবহার উদাহরণসহ লিপিবদ্ধ করো।
৪. প্রতিবেশী দেশগুলির সাথে ভারতের সম্পর্ক কেন ভালো রাখা প্রয়োজন বলে তুমি মনে করো?

### বিষয়ঃ পরিবেশ ও বিজ্ঞান

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. পারদের ঘনত্ব 13.6 গ্রাম/ঘন সেমি হলে 5 লিটার পারদের ভর কত কিলোগ্রাম হবে তা নির্ণয় করো।
২. প্রাণীকোশের একটি পরিচ্ছন্ন চিত্র অঙ্কন করে তার বিভিন্ন অংশ চিহ্নিত করো।
৩. বিশেষ পরীক্ষা থেকে রাদারফোর্ড পরমাণুর গঠন সম্বন্ধে কী কী সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন?
৪. উদ্ভিদদেহে বিভিন্ন ধরনের প্লাস্টিডের ভূমিকা উল্লেখ করো।

### বিষয়ঃ গণিত

**নীচের প্রশ্নগুলির উত্তর দাও :**

১. একটি সরলরেখার উপরে অন্য একটি রশ্মি দাঁড়িয়ে যে দুটি সন্নিহিত কোণ তৈরি করে, তাদের সমষ্টি ____________ সমকোণ।
২. 1729 সংখ্যাটিকে ____________ সংখ্যা বলা হয়।
৩. $a+\frac{1}{a}=1$ হলে $a^3+1=$____________।
৪. যদি $m+n=5$ এবং $mn=6$ হয়, তবে $(m^2+n^2)(m^3+n^3)=$ কত?
৫. $x^3-9y^3-3xy(x-y)$ -এর উৎপাদক বিশ্লেষণ করো।

## বিষয়ঃ পরিবেশ ও ইতিহাস

**অধ্যায় ঃ-**

১. আঞ্চলিক শক্তির উত্থান।

২. ঔপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা।

**নীচের প্রশ্নগুলির নিজের ভাষায় উত্তর দাও :**

১. দেওয়ানির অধিকার, দ্বৈতশাসন ব্যবস্থা ও ছিয়াত্তরের মন্বন্তর কীভাবে একে অপরের সাথে সম্পর্কযুক্ত ছিল? (১০০ থেকে ১২০ শব্দে লেখো)।

২. নির্ভুল তথ্য দিয়ে ফাঁকা ঘরগুলি পূরণ করো।

| উদ্যোগ | প্রশাসক | অন্যান্য উদ্যোগ |
|---|---|---|
| ১৭৭৩ থেকে ১৭৮১ খ্রিস্টাব্দের মধ্যে দেওয়ানী বিচার ব্যবস্থার কয়েকটি পরিবর্তন ঘটে। | | ১.<br>২. |
| দেওয়ানী সংক্রান্ত বিচার ও রাজস্ব আদায়ের দায়িত্ব আলাদা করা হয়। | | ১.<br>২. |
| প্রশাসনিক ব্যয় কমাতে চেয়েছিলেন। | | ১.<br>২. |

৩. নিচের শব্দ ছকটি পূরণ করো।

**উপর নীচ**

১. বেনারস সংস্কৃত কলেজের প্রতিষ্ঠাতা।

২. যার প্রস্তাব অনুযায়ী তিনটি প্রেসিডেন্সিতে তিনটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল।


৩. সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি, হিন্দু কলেজ তৈরির সাথে যুক্ত ছিলেন।

**পাশাপাশি**

৪. কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেছিলেন।

৫. ১৮০০ খ্রিস্টাব্দে শ্রীরামপুরে প্রতিষ্ঠিত একটি সংস্থা।

৬. হিন্দু কলেজ প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত ছিলেন, অন্যতম শিক্ষা অনুরাগী।




বিঃ দ্রঃ ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তাঁরা বাড়ির বাইরে বেরোবে না।

## MODEL ACTIVITY TASKS
## ENGLISH
## CLASS VIII

**Read the passage carefully and answer the questions that follow :**

Refreshed, he looked around. An old man sat on a wall by the Persian wheel. He looked at the old man, wanting to say something but hesitated. Finally he asked, " Did the clouds come here ?" The old man looked closely at him and said , "Son, when the clouds come , the earth and the sky know of their coming." "But the clouds were here last night and no one got to know." The old man said, " It is not enough for the clouds to come. I once lived in a place where it hadn't rained for ten years." "Ten years ?" He was open mouthed. He sat there listening to his tales. Suddenly, he realized how late it was. He walked for miles in the sun and the dust. He went back by the same dirt track he had taken to come there. The sun was still fiercely hot but when he reached the mud hut , he felt a nip in the air and the earth was damp underfoot.

### ACTIVITY 1

**Write T for the True sentences and F for False sentences. Quote supporting phrases/sentences for your answers:**

i) The boy sat on a wall by the Persian wheel.

Supporting Phrases/Sentences : ______________________________

______________________________

ii) According to the boy everybody got to know that the clouds were there last night.

Supporting Phrases/Sentences : ______________________________

______________________________

iii) The boy went back using the same dirt track that he had taken to come to the Persian wheel.

Supporting Phrases/Sentences : ______________________________

______________________________

### ACTIVITY 2

**Fill in the blanks with suitable words from the List given below. One extra word is given:**

In the last summer vacation I went on a trekking with my parents. On the way heavy snowfall started. We spent some ___________ moments under a tree. Our guide offered us hot coffee from his ___________ flask.

List : thermos , together, anxious

### ACTIVITY 3

**Imagine yourself in an express train. It is midnight . One of your co passengers who is travelling alone suddenly has got high fever. Now write in about 80 words on what you should do at this moment :**

Ans.______________________________

______________________________

______________________________

______________________________

______________________________

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২ অষ্টম শ্রেণি

## বিষয়ঃ বাংলা

**১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :**

১.১ সেলুকস ছিলেন —গ্রিক সেনাপতি/গ্রিক সম্রাট/মুর সেনাপতি/আরব সেনাপতি।

১.২ তোতাইয়ের চাই একটি—সবুজ টিয়া/সবুজ চারাগাছ/সবুজ জামা/চশমা।

১.৩ 'বাঘের বিক্রম সম মাঘের হিমানী'—পঙ্‌ক্তিটির রচিয়াতা মাইকেল মধুসূদন দত্ত/ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর/ভারতচন্দ্র রায়/গৌরদাস বসাক।

১.৪ 'আলেম' শব্দের অর্থ—প্রবর্তক/সর্বজ্ঞ/অভিযাত্রী/সহযাত্রী।

১.৫ 'মুরসেনাপতি' শব্দে দলসংখ্যা—দুই/তিন/পাঁচ/ছয়।

**২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :**

২.১ 'সুখ পাওয়া যায় অনেকখানি'—কবির মতে সুখলাভের উপায়টি কী?

২.২ '...বন্ধুভাবে উভয় সেনাপতির কথোপকথন হইতে লাগিল'—এই কথোপকথন গল্পের ঘটনাকে কীভাবে নিয়ন্ত্রণ করেছে?

২.৩ মহাভারতের কোন্ চরিত্রটি, কেন অপুর সবচেয়ে ভালো লাগে?

২.৪ টিনের বাক্সে অপু কী কী রেখেছিল? এর মধ্য দিয়ে তার চরিত্রের কোন্ দিক ফুটে ওঠে?

## বিষয়ঃ পরিবেশ ও ভূগোল

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. পৃথিবীর অভ্যন্তরে বিযুক্তিরেখা থাকার কারণ কী?

২. অপসারী পাতসীমানাকে গঠনকারী পাতসীমানা বলা হয় কেন?

৩. মৃত্তিকা সৃষ্টিতে খনিজের ভূমিকা ব্যাখ্যা করো।

৪. ভারতকে কেন উপমহাদেশ বলা হয়?

## বিষয়ঃ পরিবেশ ও বিজ্ঞান

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. মাটির 6 ফুট উপর থেকে একটি খাতার পাতা ও একটি কয়েন একইসঙ্গে ছেড়ে দিলে কোনটি আগে মাটিতে পড়বে? কেন এমন হয় ব্যাখ্যা করো।

২. প্লাস্টিকের চিরুনি দিয়ে শীতকালে শুকনো চুল আঁচড়ানোর পর তা নিস্তড়িৎ কাগজের টুকরোকে আকর্ষণ করে কেন তার ব্যাখ্যা দাও।

৩. গ্যাসীয় অবস্থায় অণুদের গতীয় অবস্থা সম্বন্ধে তুমি কী কী বলতে পারো?

৪. প্রাইমরডিয়াল ইউট্রিকল কী?

৫. মানুষের লোহিত রক্তকণিকার আকার কী রকম এবং এই আকারের জন্য তার কী সুবিধা হয়?

৬. গলজি বস্তুর গঠন ও কাজ উল্লেখ করো।

## বিষয়ঃ গণিত

1. **নীচের বহু পছন্দভিত্তিক প্রশ্নের উত্তর দাও :**

(i) $\frac{2}{5}$ এবং $\frac{3}{7}$ -এর মধ্যে মূলদ সংখ্যা আছে

(a) একটি (b) দুটি (c) পাঁচটি (d) অসংখ্য

(ii) নীচের কোন ক্ষেত্রে সন্নিহিত কোণগুলি পরস্পর সম্পূরক কোণ?

(a) 35°, 45° (b) 135°, 45° (c) 70°, 20° (d) 70°, 120°

2। **শূন্যস্থান পূরণ করো :**

(i) পাই চিত্রে এক-একটি বৃত্তকলা তথ্যের এক-একটি অংশকে বোঝায় এবং বৃত্তকলার মাপ ওই তথ্যের অংশের পরিমাণের ____________ হয়।

3। কোনো ভাগ অঙ্কে ভাজক $(a^2 + 2a - 1)$, ভাগফল $(5a - 14)$ এবং ভাগশেষ $(35a - 17)$ হলে, ভাজ্য কত হবে?

4। **নীচের প্রশ্নটির উত্তর দাও :**

রোহিতদের পাড়ায় মধুবাবুর দোকান আছে, ঐ দোকানের একদিনের বিভিন্ন ধরনের জিনিস বিক্রির তালিকা নিম্নরূপ :

| **জিনিস** | **সাধারণ পাঁউরুটি** | **স্লাইস পাঁউরুটি** | **কেক** | **বিস্কুট** |
|---|---|---|---|---|
| **মূল্য (টাকায়)** | **৩২০** | **১০০** | **১৬০** | **১৪০** |

**এই তথ্যটির একটি পাই চিত্র আঁকো।**

## বিষয়ঃ পরিবেশ ও ইতিহাস

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. অষ্টাদশ শতকে মুঘল শাসন কাঠামো বিপর্যয়ের সম্মুখীন হয়েছিল। এই বিপর্যয়ের কারণগুলি তুমি কীভাবে ব্যাখ্যা করবে?

২. জমি জরিপ ও রাজস্ব নির্ণয়ের ক্ষেত্রে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির পদক্ষেপগুলির একটি তালিকা তৈরি করো।

৩. উপযুক্ত তথ্য দিয়ে নীচের ছকটি পূরণ করো—

| | অধীনতামূলক মিত্রতা নীতি | স্বত্ববিলোপ নীতি |
|---|---|---|
| গভর্নর জেনারেল | | |
| সময়কাল | | |
| প্রভাবিত রাজ্য | ১.<br>২. | ১.<br>২. |
| মূল নীতি | ১.<br>২. | ১.<br>২. |

বিঃ দ্রঃ ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তাঁরা বাড়ির বাইরে বেরোবে না।

# Activity Task
# Class 8
# ENGLISH

---

## The Infinitive

Q1) Point out the verbs which are finite and which are non finite in the following sentences :

a) My mother cooks food for the family.

b) Se attended three meetings.

c) My friend wants to go to Agra to visit the Taj Mahal.

d) The hunter killed the tiger.

e) He refused to obey the orders.

f) To err is human.

Q2) Fill in the blanks using a suitable verb with Infinitives .A list of verbs is given below LIST: play,take,hear,swim,enjoy.

a) I am sorry ______this.

b) Everybody wishes _____life.

c) She knows how _____.

d) He likes ____cards.

e) The doctor advised him ____rest.

Q3) Join the pair of sentences using Infinitives.

a) He went to Amritsar .He wanted to visit the Golden Temple.

b) Everyone should do his duty. India expects this of every man.

c) I speak the truth. I am not afraid of it.

d) He has three children. He must provide for them.

e) Every football team has a captain .He directs the other players.

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ৩ অষ্টম শ্রেণি

বিষয়ঃ বাংলা

**অধ্যায় : দাঁড়াও -শক্তি চট্টোপাধ্যায়**

১. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১.১. 'দাঁড়াও' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

১.২. সকাল থেকে কবির কার কথা মনে পড়ছে ?

১.৩. কবি কীভাবে মানুষকে পাশে দাঁড়াতে বলেছেন ?

১.৪. কবিতাটিতে মানুষ শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে ?

১.৫. দল বিশ্লেষণ কর: মানুষ; একলা; ভেসে; ভালোবেসে

২. সংক্ষিপ্ত প্রশ্ন :

২.১ মানুষের পাশে মানুষ কীভাবে দাঁড়াতে পারে ?

২.২ 'দাঁড়াও' কবিতাটির প্রথম স্তবকে প্রকাশিত কবির অন্তর্নিহিত ভাবনার পরিচয় দাও।

৩. রচনাধর্মী প্রশ্ন :

৩.১ কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর।

**অধ্যায় : কী করে বুঝব-আশাপূর্ণা দেবী**

১. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১.১. বুকুর মায়ের নাম কী ?

১.২. বুকুদের বাড়ি কলকাতার কোন অঞ্চলে ?

১.৩. ছেনুমাসিরা কোথা থেকে এসেছেন ?

১.৪. বুকুর স্কুলের নাম কী ?

১.৫. অতিথিরা বিদায় নেওয়ামাত্র বুকুর মা কী করেছিলেন ?

২. সংক্ষিপ্ত প্রশ্ন :

২.১ অতিথিদের আসার খবর জেনে বুকুর বাবা কী করেছিলেন ?

২.২ বুকুর মতে অতিথিরা চলে গেলে কী করতে হয় ?

৩. রচনাধর্মী প্রশ্ন :

৩.১ বুকু কী বুঝতে পারেনি এবং এবিষয়ে তোমার ধারণা কী ?

বিষয়ঃ পরিবেশ ও বিজ্ঞান

**নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো :**

১. তড়িতের প্রভাবে রাসায়নিক পরিবর্তন ঘটছে সমীকরণসহ এমন উদাহরণ দাও।

২. অনুঘটক বলতে কী বোঝায় উপযুক্ত রাসায়নিক বিক্রিয়ার সমীকরণসহ ব্যাখ্যা করো।

৩. রাসায়নিক কারখানায় কঠিন অনুঘটককে সূক্ষ্ম চূর্ণ অথবা সরু তারজালির আকারে রাখা হয় কেন তা ব্যাখ্যা করো।

৪. মানবদেহে উৎসেচকের গুরুত্ব উল্লেখ করো।

৫. খাবার সোডা ও টারটারিক অ্যাসিডের কেলাস মেশালে কোনো বিক্রিয়া হয় না, কিন্তু জল দিলেই দ্রুত বিক্রিয়া ঘটে—ব্যাখ্যা করো।

বিষয়ঃ পরিবেশ ও ভূগোল

**অধ্যায় : চাপবলয় ও বায়ুপ্রবাহ**

১. ক) শূন্যস্থানে সঠিক শব্দটি বসিয়ে বাক্যটি সম্পূর্ণ করো :

**i)** সারাবছর প্রবল উষ্ণতাজনিত কারণে যে চাপবলয়টি গঠিত হয়েছে, সেটি হলো________________।

**ii)** স্থানীয়ভাবে বায়ুর চাপগত পার্থক্যের জন্য যে প্রবল শক্তিজনিত বায়ুপ্রবাহের সৃষ্টি হয়, তা হলো________________।

**খ)** বামদিকের স্তম্ভের শব্দগুচ্ছের সাথে ডানদিকের স্তম্ভের শব্দগুচ্ছকে মেলাও—

| বামদিক | ডানদিক |
|---|---|
| i) অশ্ব অক্ষাংশ | a) রকি পার্বত্য অঞ্চল |
| ii) চিনুক | b) বৈপরীত্য উত্তাপ |
| iii) উপত্যকা বায়ু | c) গর্জনশীল চল্লিশা |
| iv) পশ্চিমা বায়ু | d) কর্কটীয় শান্তবলয় |

২. বায়ুচাপ বলয় বলতে কী বোঝায় ?

৩. প্রতীপ ঘূর্ণবাত অঞ্চলে শান্ত আবহাওয়া বিরাজ করে কেন ?

৪. পৃথিবীর দুই মেরু অঞ্চলে উচ্চচাপ বলয় সৃষ্টির কারণ কী ?

৫. সমুদ্রবায়ু ও স্থলবায়ুর দুটি ছবি অঙ্কন করে বায়ুপ্রবাহের গতিপথ চিহ্নিত করো।

বিষয়ঃ পরিবেশ ও ইতিহাস

**তৃতীয় অধ্যায় : ঔপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা**

**সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ :**

1. সেন্ট জর্জ দুর্গ দেখা যায়—
   (a) বাংলা (b) মাদ্রাজ (c) বোম্বাই (d) দিল্লি প্রেসিডেন্সিতে
2. ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠা করেন—
   (a) লর্ড কর্ণওয়ালিস (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
3. ইজারাদারি ব্যবস্থা প্রবর্তিত হয়-
   (a) ১৭৭০ খ্রিস্টাব্দে (b) ১৭৭১ খ্রিস্টাব্দে (c) ১৭৭২ খ্রিস্টাব্দে (d) ১৭৭৩ খ্রিস্টাব্দে
4. সিভিল সার্ভিস ব্যবস্থা ভারতে প্রবর্তন করেন—
   (a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড কর্ণওয়ালিস (c) লর্ড ক্লাইভ (d) লর্ড ডালহৌসি
5. কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়—
   (a) ১৮১৩ খ্রিস্টাব্দে (b) ১৮৩৩ খ্রিস্টাব্দে (c) ১৮৫৪ খ্রিস্টাব্দে (d) ১৮৫৭ খ্রিস্টাব্দে
6. সুপ্রিম কোর্টের প্রথম প্রধান বিচারপতি ছিলেন—
   (a) ওয়ারেন হেস্টিংস (b) উইলিয়ম কেরি (c) স্যার এলিজা ইম্পে (d) চার্লস উড
7. ভারতে শিক্ষা ব্যবস্থায় 'চুঁইয়ে পড়া নীতি'-র প্রবক্তা ছিলেন-
   (a) টমাস মেকলে (b) চার্লস উড (c) লর্ড বেন্টিঙ্ক (d) ডিভিড হেয়ার
8. কলকাতা ভারতের রাজধানীতে পরিণত হয়—
   (a) পিটের ভারত শাসন আইন (b) রেগুলেটিং অ্যাক্ট (c) চার্টার অ্যাক্ট (d) সিভিল সার্ভিস অ্যাক্ট অনুসারে
9. ওয়ারেন হেস্টিংস কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন —
   (a) ১৭৭১ খ্রিস্টাব্দে (b) ১৭৭৫ খ্রিস্টাব্দে (c) ১৭৭৭ খ্রিস্টাব্দে (d) ১৭৮১ খ্রিস্টাব্দে
10. A Code of Gentoo Law এর রচয়িতা হলেন—
    (a) নাথানিয়েল হালেদ (b) উইলিয়ম জোন্স (c) জন অ্যান্ড্রুজ (d) উইলিয়ম কেরি

**উত্তর**

1→b, 2→c, 3→c, 4→b, 5→d, 6→c, 7→a, 8→b, 9→d, 10→a

বিষয়ঃ গণিত

## অধ্যায় : 11 : শতকরা (Percentage)

1. 100 টাকার 15% = ___________ টাকা।
2. 10 টাকা 200 টাকার শতকরা কত ভাগ ?
3. কোন সংখ্যার 20%, 15 হবে ?
4. নীচের চিত্রের ফাঁকা স্থানগুলো পূর্ণ করো—

   (i) দশমিক থেকে শতকরায় পরিণত করো :

   (a) 0.29 → ☐   (b) 0.05 → ☐

   (ii) শতকরা থেকে দশমিকে পরিণত করো :

   (a) 91% → ☐   (b) 8% → ☐

   (iii) ভগ্নাংশ থেকে শতকরায় পরিণত করো :

   (a) $\frac{3}{4}$ → ☐   (b) $\frac{2}{5}$ → ☐

   (iv) শতকরা থেকে ভগ্নাংশে পরিণত করো :

   (a) 23% → ☐   (b) 7.9% → ☐

   (v) দশমিক থেকে ভগ্নাংশে পরিণত করো :

   (a) 0.02 → ☐   (b) 1.51 → ☐

   (vi) ভগ্নাংশ থেকে শতকরায় পরিণত করো :

   (a) $\frac{6}{7}$ → ☐   (b) $\frac{9}{11}$ → ☐

5. 1 থেকে 70 পর্যন্ত সংখ্যাগুলির মধ্যে কতগুলি সংখ্যার এককের অঙ্কে 1 অথবা 9 থাকবে তার শতকরা হার নির্ণয় করো।

বিঃ দ্রঃ ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোনো অবস্থাতেই তাঁরা বাড়ির বাইরে বেরোবে না।